

সুচেতনা- লেকচার-২

বহুনির্বাচনি প্রশ্ন:(অনুশীলনীর প্রশ্নোত্তর)

১. কবি জীবনানন্দ দাশের বিশ্বাস মতে সুচেতনা- ক. বিকেলের নক্ষত্র খ. শাস্বত রাত্রি
গ. দূরতর দীপ ঘ. দারুচিনি বন
২. ‘ মানুষ তবু ঋণী পৃথিবীরই কাছে’ উক্তিটিতে প্রকাশ পেয়েছে- ক. ইহলৌকিকতা খ. ভাবালুতা
গ. সাম্যবাদী চেতনা ঘ. পরাবাস্তববাদী চেতনা

নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:

তবে পাল খোল , তবে নোঙর তোল ; / এবার অনেক পথ শেষে সন্ধানী

/ হেরার তোরণ মিলবে সম্মুখে জানি ।

৩. উদ্দীপক ও কবিতার মধ্যে প্রতিফলিত হয়েছে- ক. অতীতের মোহমুগ্ধতা খ. দেশপ্রেম
গ. সংকট উত্তরণের প্রত্যাশা ঘ. সমকাল নিয়ে হতাশা
৪. ‘হেরার তোরণ মিলবে সম্মুখে জানি’- উক্তির সাথে ‘সুচেতনা’ কবিতার কোন চরণের সাদৃশ্য লক্ষ্য করা যায় ? ক. এই পৃথিবীর রণ রক্ত সফলতা সত্য খ. মানুষ তবু ঋণী পৃথিবীরই কাছে
গ. সে অনেক শতাব্দীর মনীষীর কাজ ঘ. শাস্বত রাত্রির বুকে সকলি সূর্যোদয়

অনুশীলনের জন্য প্রশ্ন:

১. জীবনানন্দ দাশের মায়ের নাম কী? ক. কুসুমকুমারী দাশ খ. পার্বতী দাশ
গ. মৃগায়ী দাশ ঘ. মৃগলিনী দাশ
২. জীবনানন্দ দাশের মাতা কী ছিলেন? ক. ছড়াকার খ. আবৃত্তি শিল্পী
গ. বিখ্যাত কবি ঘ. ঔপন্যাসিক
৩. জীবনানন্দ দাশ তাঁর কবিতায় কেমন জগৎ নির্মাণ করেছেন ?
ক. সূক্ষ ও গভীর অনুভবের জগৎ খ. বেদনা ও হতাশার জগৎ

গ. উচ্চাশা ও উদ্দেশ্যের জগৎ ঘ. জাঁকজমকপূর্ণ মানবিক জগৎ

৪. জীবনানন্দ দাশের কবিতাকে 'চিত্ররূপময়' বলে আখ্যা দিয়েছেন কে ? - ক. রবীন্দ্রনাথ ঠাকুর

খ. বুদ্ধদেব বসু গ. নিমাই ভট্টাচার্য ঘ. আহসান হাবীব

৫. 'সুচেতনা' শব্দটি কবি কী অর্থে ব্যবহার করেছেন ? ক. সুন্দর চেতনা খ. শুভ চেতনা

গ. নারী সম্বোধনে ঘ. স্ত্রীবাচকতা অর্থে

৬. জীবনানন্দ দাশ সুচেতনাকে দূরতর দ্বীপ রূপে কল্পনা করেছেন কেন ?

ক. সাধারণের অগম্য বলে খ. রহস্যময়তা প্রকাশের জন্য

গ. নাবিকি সুলভ মানসিকতার কারণে ঘ. সুচেতনা সকলের মাঝে বিরাজমান নয় বলে

৭. 'সুচেতনা তুমি এক দূরতর দ্বীপ / বিকেলের নক্ষত্রের কাছে'- চরণদ্বয়ে প্রকাশ পেয়েছে- i. কবির

স্থান ও সময় চেতনা ii. সুচেতনা সর্বত্র বিরাজমান নয় iii. নিসর্গের সাথে মানবিক বোধের সম্পর্ক

নিচের কোনটি সঠিক ? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii, ও iii

৮. 'পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন' চরণটিতে প্রকাশ পেয়েছে - i. মানুষের সভ্যতার ক্ষয়িষ্ণু

প্রবণতা ii. মানুষের বিপন্ন বর্তমান iii. উদ্দেশ্যহীন ভাবম্বাণ্ড / নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নম্বর প্রশ্নের উত্তর দাও:

আজ যে শিশু পৃথিবীর আলোয় এসেছে / আমরা তার তরে একটি সাজানো বাগান চাই ।

৯. উদ্দীপকে উল্লিখিত সাজানো বাগান 'সুচেতনা' কবিতার কোন প্রসঙ্গের প্রতিনিধি ?

ক. সুচেতনা খ. ভালো মানব সমাজ গ. দারুচিনি-বন ঘ. দূরতর দ্বীপ

১০. উদ্দীপক ও 'সুচেতনা' কবিতার মাঝে মিল - i. সুন্দর পৃথিবী গড়ার প্রত্যয়ে ii. মানবজন্মকে

আপাতভাবে অনাকাঙ্ক্ষিত অনুভবে iii. প্রবল আশাবাদ প্রকাশে / নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i, iii গ. ii ও iii ঘ. i, ii ও iii